৯ এপ্রিল, ২০২৬

# যুদ্ধবিরতি ভঙ্গের জবাবে ইসরায়েলে হিজবুল্লাহর রকেট হামলা



ছবি: সংগৃহীত

উত্তর ইসরায়েল লক্ষ্য করে রকেট হামলা চালিয়েছে লেবাননভিত্তিক সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। বৃহস্পতিবার (৯ এপ্রিল) ভোরে এই হামলার ঘটনা ঘটে। গোষ্ঠীটি জানিয়েছে, ইসরায়েলের পক্ষ থেকে বারবার যুদ্ধবিরতি লঙ্ঘনের প্রতিক্রিয়াতেই তারা এই পদক্ষেপ নিয়েছে।

হিজবুল্লাহ এক বিবৃতিতে বলেছে, তাদের ভূখণ্ড ও জনগণের ওপর ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের আগ্রাসন চলতে থাকলে পাল্টা জবাবও অব্যাহত থাকবে। এদিকে ইসরায়েলি গণমাধ্যম দাবি করেছে, লেবানন থেকে ছোড়া অন্তত একটি রকেট আকাশেই প্রতিহত করা হয়েছে।

অন্যদিকে, লেবাননের রাজধানী বৈরুতসহ বিভিন্ন অঞ্চলে ব্যাপক বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। দেশটির দাবি, অল্প সময়ের মধ্যেই প্রায় ১০০টি লক্ষ্যবস্তুতে আঘাত হানা হয়েছে। তবে এসব হামলায় বেসামরিক হতাহতের অভিযোগ উঠেছে।

হিজবুল্লাহ এসব হামলাকে ‘গুরুতর যুদ্ধাপরাধ’ হিসেবে উল্লেখ করে জানিয়েছে, এমন আক্রমণ তাদের প্রতিরোধ আরও শক্তিশালী করবে। নিরীহ মানুষের ওপর হামলা তাদের অবস্থানকে আরও কঠোর করে তুলছে বলেও জানায় সংগঠনটি।

এ পরিস্থিতিতে ইরানও তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে। তেহরানের অভিযোগ, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যুদ্ধবিরতির শর্ত লঙ্ঘন করেছে এবং লেবাননকে চুক্তির বাইরে রাখার দাবি ভিত্তিহীন।

এদিকে, হোয়াইট হাউস ইরানের প্রস্তাবিত ১০ দফা পরিকল্পনা প্রত্যাখ্যান করেছে, যা সংকটকে আরও জটিল করে তুলছে। সামগ্রিকভাবে, যুদ্ধবিরতির ঘোষণার পরপরই এমন সহিংসতা মধ্যপ্রাচ্যে নতুন করে বড় ধরনের সংঘাতের আশঙ্কা বাড়িয়ে দিচ্ছে।